গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) এর কার্যালয়**
সংকেত ও টেলিকম শাখা
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | মোঃ শহীদুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) ও চীফ ইনোভেশন অফিসার<br>বাংলাদেশ রেলওয়ে। |
| তারিখঃ | ২৩ আগস্ট, ২০২৩। |
| সময়ঃ | বেলা ১১:০০ ঘটিকায়। |
| স্থানঃ | রেলভবনস্থ ৪র্থ তলার সভাকক্ষ (কক্ষ নং ৪১১) |
| উপস্থিতিঃ | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি সিএসটিই/টেলিকম কে বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা আরম্ভ করতে বলেন।

০২। সভাপতির নির্দেশক্রমে ইনোভেশন টিমের সদস্য জনাব বেনু রঞ্জন সরকার, সিএসটিই/টেলিকম উল্লেখিত বিষয়ে কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি উক্ত কর্মপরিকল্পনার আলোকে উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে অনুরোধ করেন। এছাড়া তিনি কর্মপরিকল্পনার সূচক ৬.১ অনুসারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/ সেমিনার আয়োজন করার কথা উল্লেখ করেন। সেই সাথে তিনি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত সকল কে আহবান করেন।

০৩। অতঃপর সভায় উপস্থাপিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র: | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | কার্যক্রম ১.১ মোতাবেক উভয়াঞ্চলের সকল দপ্তর হতে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য দুই অঞ্চলের জিএম, সকল এডিজিগণ ও সকল ডিআরএম কে পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হবে। | সিএসটিই/টেলিকম |
| ০২. | বাংলাদেশ রেলওয়ের রেলভবনস্থ সকল দপ্তরে ডি-ফাইলে ৮০% নোট নিষ্পত্তি করার নির্দেশনা রয়েছে। তাই সকল দপ্তরে ডি-ফাইলিং বাস্তবায়নের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং ইনোভেশন টিম স্ব স্ব দপ্তরে ডি নথি চালু করার উদ্যোগ গ্রহণ করবেন। | সিএসটিই/টেলিকম<br>ও<br>ইনোভেশন টিম |
| ০৩. | বাংলাদেশ রেলওয়ের যে সকল দপ্তরে ওয়েবসাইট আছে সে সকল ওয়েবসাইটে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে এবং তার রিপোর্ট চীফ ইনোভেশন অফিসারকে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম |
| ০৪. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালার আয়োজন করতে হবে। | সিএসটিই/টেলিকম |
| ০৫. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ইনোভেশন টিম |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/08/23

(মোঃ শহীদুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) ও
চীফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন,ঢাকা।

স্মারক নং: ৫৪.০১.০০০০.৫০২.৩২.০০১.২৩ - ১৬৭    তারিখ: ২৭.০৮.২০২৩ খ্রি:

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিএসটিই(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
২। জেডিজি(অপারেশন),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৩। জেডিজি(মেক), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৪। জেডিজি(ইঞ্জিনিয়ারিং),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৫। পরিচালক(ট্রাফিক-পরিবহন), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৬। উপপরিচালক(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। মহাপরিচালক এর একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

29.08.23

(রেজওয়ানা হোসেন)
উপপরিচালক (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন,ঢাকা।